গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
কর্মসম্পাদন ও কৌশল শাখা
www.ictd.gov.bd

২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	:	খন্দকার আজিজুল ইসলাম, অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
সভার তারিখ	:	১২ সেপ্টেম্বর ২০২২ খ্রি.
সময়	:	বেলা ১১:০০ টা
সভার স্থান	:	কক্ষ নং-৫১২, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন)-এর ১ম সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির সদস্য সচিব জনাব এস এম শফিক, উপসচিব, কর্মস্পাদন ও কৌশল শাখা এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) -এর তথ্য আপডেট করে সভায় উপস্থাপন করেন। অত:পর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি: পূববতী সভার সিদ্ধান্ত নিম্নরূপভাবে বাস্তবায়ন করা হয়েছে:

ক্রমিক নং	সিদ্ধান্ত	অগ্রগতি	বাস্তবায়নের হার
১.	সিটিজেন চার্টারে বিভিন্ন আইন, বিধি, প্রবিধি, পরিপত্র, সেবার ছক এ বিভাগের ওয়েবসাইটে লিংক আকারে সংযুক্ত করতে হবে	ওয়েবসাইটে লিংক আকারে সংযুক্ত করা হয়েছে।	১০০%
২.	৪র্থ কোয়ার্টারের (এপ্রিল ২০২২-জুন ২০২২) মধ্যে এ বিভাগের সিটিজেন চার্টারের তথ্য আপডেট করে এ বিভাগের ওয়েবসাইটে দাখিল করতে হবে।	৪র্থ কোয়ার্টারে সিটিজেন চার্টার আপডেট করে হালনাগাদ করা হয়েছে।	১০০%

(খ) সভার আলোচনা ও সিদ্ধান্ত :

১। আলোচনা:
সভায় আইসিটি বিভাগের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতির (সিটিজেনস্ চার্টার) পর্যালোচনা করা হয়। আলোচনান্তে প্রতীয়মান হয় যে, এ বিভাগের বিদ্যামান সিটিজেন চার্টারের আপডেট করা প্রয়োজন। ২০২২-২৩ অর্থবছরের সিটিজেনস চার্টারের কর্ম-পরিকল্পনা অনুযায়ী ১ম কোয়ার্টারের (জুলাই ২০২২-সেপ্টেম্বর ২০২২) বাস্তবায়ন যথাযথসময়ের মধ্যে সম্পন্ন করার জন্য আলোচনা করেন। তাছাড়া এ বিভাগের ওয়েবসাইটে বিদ্যমান কর্মকর্তা/কর্মচারীদের তথ্য আপডেট করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় এ বিভাগের সংস্থা-১ শাখা পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণান্তে দেখা যায় যে, সংস্থা-১ শাখা হতে নিম্নবর্ণিত দাপ্তরিক সেবাসমূহ প্রদান করা হয়:

CamScanner

ক্রম. নং.	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	মন্তব্য
i.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সিসিএ কার্যালয়ের পদ সৃজন	ক) বিদ্যমান বিধি/বিধান অনুসরণে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সম্মতি গ্রহণ করার পর প্রস্তাবিত পদের বেতন স্কেল অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ হতে যাচাই করা হয়। খ)গ্রেড-৩ ও তদূর্ধ্ব সব পদ সৃষ্টিতে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশের পর মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়। গ) গ্রেড-৩ ও তদূর্ধ্ব পদ ব্যতীত অন্যান্য সব পদ সৃষ্টিতে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশের পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সদয় অনুমোদনক্রমে সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়।	১) জনপ্রশাসন/অর্থ মন্ত্রণালয়ের (চেকলিস্ট অনুসারে তথ্যাদিসহ) নির্ধারিত ফরমে দপ্তর/অধিদপ্তরের প্রস্তাব। ২) অনুমোদিত সাংগঠনিক কাঠামোর কপি ৩) আর্থিক সংশ্লেষ।	বিনামূল্যে	১৮০ কার্যদিবস	সঠিক সময়ে সেবা প্রদান করা হয়।
ii.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সিসিএ কার্যালয়ের পদ সংরক্ষণ (সৃজনের ৪র্থ বছর হতে)	ক) বিদ্যমান বিধি/বিধান অনুসরণে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সম্মতি গ্রহণ করা হয়। খ) সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়।	১) আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার প্রস্তাব। ২) পদ সৃজনের সরকারি আদেশ। ৩) ০৩ বছর পদ সংরক্ষণের সরকারি আদেশ। ৪) পদ সংরক্ষণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি। ৫) পদ সংরক্ষণের জন্য অর্থ বিভাগের সম্মতি।	বিনামূল্যে	৬০ কার্যদিবস	

CamScanner

iii.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সিসিএ কার্যালয়ের পদ স্থায়ীকরণ	ক) বিদ্যমান বিধি/বিধান অনুসরণে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সম্মতি গ্রহণ করা হয়। খ) সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়।	৬) জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার প্রস্তাব। ৭) পদ সৃজনের সরকারি আদেশ। ৮) পদ সৃজন পরবর্তী সকল বছরের পদ সংরক্ষণের মঞ্জুরি আদেশ।	বিনামূল্যে	৬০ কার্যদিবস	
iv.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সিসিএ কার্যালয়ের জনবল/সরঞ্জামাদি টিওএন্ডইভুক্তকরণ	ক) বিদ্যমান বিধি/বিধান অনুসরণে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সম্মতি গ্রহণ করা হয়। খ) সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়।	১) আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার প্রস্তাব। ২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি। ৩) অর্থ বিভাগের সম্মতি। ৪) অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক বেতন স্কেল নির্ধারণ(জনবলের ক্ষেত্রে)। ৫) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ।	বিনামূল্যে	৩০ কার্যদিবস	
v.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সিসিএ কার্যালয়ের সাংগঠনিক কাঠামো অনুমোদন	ক) বিদ্যমান বিধি/বিধান অনুসরণে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সম্মতি গ্রহণ করা হয়। খ) সরকারি মঞ্জুরি আদেশ জারি করা হয়।	১) আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার প্রস্তাব। ২) প্রস্তাবিত পদের কার্যাবলী ও যৌক্তিকতা। ৩)বর্তমান জনবলের বিস্তারিত বিবরণ।	বিনামূল্যে	১৮০ কার্যদিবস	

২। **সিদ্ধান্ত :** সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম নং.	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
i.	এ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টারের কোন সংশোধনের প্রয়োজন হলে আগামী ০৫ কার্যদিবসের মধ্যে সংশোধন করে কর্মসম্পাদন ও কৌশল শাখায় প্রেরণ করতে হবে মর্মে সকল অনুবিভাগ প্রধানগণকে অবহিত করতে হবে।	উপসচিব কর্মসম্পাদন ও কৌশল শাখা ও সিটিজেন চার্টারের সদস্য সচিব তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ii.	১ম ত্রৈমাসিকের (জুলাই ২০২২-সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত) মধ্যে এ বিভাগের সিটিজেন চার্টার সংশোধন করে এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে ।	প্রোগ্রামার আইসিটি ডিভিশন

CamScanner

iii.	আইসিটি টাওয়ারের নিচ তলায় হেল্প ডেস্কে স্থাপিত সিটিজেনস চার্টারের ডিজিটাল ডিসপ্লেতে প্রদর্শিত ডেস্ক অফিসারের সকল তথ্য আপডেট করে পুনরায় প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।	প্রোগ্রামার আইসিটি ডিভিশন

অতপর: সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মুঃ মেসবাহুল আলম
প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

রায়হানা ইসলাম
উপসচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ইসরাত জাহান
উপসচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

এস এম শফিক
উপসচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

খন্দকার আজিজুল ইসলাম
অতিরিক্ত সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

নম্বর-৫৬.০০.০০০০.০৫০.০৫.০০৬.২১-০৫

তারিখঃ ২৮ ভাদ্র ১৪২৯ / ১২ সেপ্টেম্বর ২০২২

__বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):__

১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অনুবিভাগ প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা
৩। উপসচিব (কর্মসম্পাদন ও কৌশল শাখা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা
৪। উপসচিব (রাজস্ব বাজেট শাখা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা
৫। উপসচিব (লজিস্টিক সেবা-০১ শাখা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
৩। প্রোগ্রামার (ডিজিটাল কো-অপারেশন শাখা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।]